

বাকৃবিতে ডিজির অপসারণের দাবিতে মানববন্ধন, বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, গফরগাঁও, ময়মনসিংহ।

প্রকাশিত: ২২:২৭, ১৮ মার্চ ২০২৫



ছবি: সংগৃহীত।

ময়মনসিংহে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর মহাপরিচালক (ডিজি) ড. মো. আবুল কালাম আজাদের অপসারণের দাবিতে তার কক্ষে তালা বুলিয়ে দ্বিতীয় দিনের মতো বিক্ষোভ করছেন বিক্ষুব্ধ বিজ্ঞানী, কর্মকর্তা-কর্মচারী এবং এলাকাবাসী।

এ সময় বিক্ষোভকারীরা মহাপরিচালকের অপসারণ দাবি করে নানা স্লোগান দেন এবং অন্যথায় আরও কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন।

মঙ্গলবার (১৮ মার্চ) দুপুরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সংলগ্ন বিনা ভবনে এই বিক্ষোভ মিছিল ও তালা দেওয়ার ঘটনা ঘটে। এর আগে সোমবারও একই কর্মসূচি পালন করেন আন্দোলনকারীরা।

এ সময় বক্তব্য রাখেন বিনার ড. মাহবুবুল আলম তরফদার, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. রেজা মোহাম্মদ ইমন, কৃষিবিদ মো. আব্দুর রশিদ এবং কৃষিবিদ মোহাম্মদ ফরহাদ হোসেন।

বক্তারা বলেন, গত বছরের ৪ আগস্ট ছাত্র-জনতার বিপক্ষে লাঠি মিছিলে নেতৃত্ব দেওয়া, পরিবর্তিত প্রেক্ষাপটেও ২৭ ছাত্রলীগ নেতার পদোন্নতি চূড়ান্ত করা, বঞ্চিতদের জ্যেষ্ঠতা প্রদানে পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত বাস্তবায়নে গড়িমসি, পালিয়ে অফিস করাসহ নানা বিতর্কিত কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগ রয়েছে ডিজির বিরুদ্ধে।